**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-৪ শাখা**
**শের-ই-বাংলা নগর, ঢাকা।**
**(www.erd.gov.bd)**

# প্রেস বিজ্ঞপ্তি

০৩ আগস্ট ২০২৫-আজ ঢাকায় বাংলাদেশ সরকার ও এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে **"Technical and Vocational Education and Training (TVET) Teachers for the Future Program"** শীর্ষক কর্মসূচির আওতায় **১৫০ (একশত পঞ্চাশ) মিলিয়ন মার্কিন ডলারের** সহজ শর্তের Ordinary Capital Resources (Concessional) ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে।

এই কর্মসূচির মাধ্যমে দেশব্যাপী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা খাতে কর্মরত শিক্ষক-কর্মচারীদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আন্তর্জাতিক মানসম্পন্ন কারিগরি শিক্ষা নিশ্চিত করা হবে।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব **জনাব মোঃ শাহ্‌রিয়ার কাদের ছিদ্দিকী** এবং এডিবি'র পক্ষে **Mr. Hoe Yun Jeong**, কান্ট্রি ডিরেক্টর, ADB Bangladesh Resident Mission ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় বাংলাদেশ সরকারের ও এডিবি'র ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

২০২৫ থেকে ২০২৯ মেয়াদে বাস্তবায়িতব্য এই কর্মসূচির মোট অনুমোদিত ব্যয় **১৬৭.৪৪ (একশত সাতষট্টি দশমিক চার চার) মিলিয়ন মার্কিন ডলার**, যার মধ্যে **এডিবি ১৫০ (একশত পঞ্চাশ) মিলিয়ন মার্কিন ডলার** অর্থায়ন করবে এবং বাকি **১৭.৪৪ (সতেরো দশমিক চার চার) মিলিয়ন মার্কিন ডলার** বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হবে।

এই ঋণ ৫ (পাঁচ) বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ (পঁচিশ) বছরে পরিশোধযোগ্য এবং বার্ষিক সুদের হার ২%।

এডিবি ১৯৭৩ সাল থেকে বাংলাদেশের অন্যতম বৃহৎ বহুপাক্ষিক উন্নয়ন সহযোগী হিসেবে বিভিন্ন খাতে সহযোগিতা প্রদান করে আসছে। এখন পর্যন্ত এডিবি বাংলাদেশকে **৩৩.৯৫১ বিলিয়ন মার্কিন ডলার** ঋণ ও **৫৭১.২ মিলিয়ন মার্কিন ডলার** অনুদান প্রদান করেছে।

এডিবি'র উন্নয়ন সহায়তা মূলত বিদ্যুৎ ও জ্বালানি, স্থানীয় সরকার, পরিবহন, শিক্ষা, কৃষি, স্বাস্থ্য, পানিসম্পদ, সুশাসন ও আর্থিক খাতসহ দেশের সামগ্রিক উন্নয়ন অগ্রযাত্রায় অবদান রেখে চলেছে।

০৩/৮/২৫

আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ
উপসচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ